দৈনিক সংবাদ

তারিখ 3 1 MAR 1998
পৃষ্ঠা 8 কলাম 7

86

## বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক ব্যবস্থা প্রসঙ্গে

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান-সমূহে শতকরা ৯০ ভাগ ছেলেমেয়ে পড়াশুনা করে থাকে। নতুন জাতীয় বেতন স্কেলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের জন্য কল্যাণ ট্রাস্ট গঠন ও অবসর ভাতা প্রদানের সিদ্ধান্তটি তাদের উৎফুল্ল করেছে। যদিও সরকার তার প্রতিশ্রুতি মত উক্ত শিক্ষকদের বেতন সরকারি শিক্ষকদের সঙ্গে একই সময় দেয়ার ব্যবস্থা কার্যকর এখনও করতে পারেনি। এবার ঈদের পূর্বে তাদের নিয়মিত বেতন প্রদান সম্ভব হবে বলে আশা রাখি।

এ প্রসঙ্গে শিক্ষকদের নিয়োগ, বেতন ইত্যাদি এবং প্রশাসনিক ব্যবস্থা পুনর্গঠন-সংক্রান্ত কিছু প্রস্তাব সরকারের বিবেচনার জন্য রাখছি।

(১) পিএসসি'র মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ।

(২) বেসরকারি স্কুলে ইংরেজি শিক্ষকদের বয়স ৬৫ বছর পর্যন্ত উন্নীত করে ব্যাখ্যাসহ গেজেট প্রকাশ।

(৩) সহকারী প্রধান শিক্ষকদের বেতন স্কেল নির্ধারণ করে টাইম স্কেল প্রাপ্ত সিনিয়র শিক্ষকদের থেকে পৃথকীকরণ।

(৪) বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসা নিয়মিত পরিদর্শন করে শিক্ষার মান উন্নয়ন।

(৫) স্বীকৃতিপ্রাপ্ত সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান জ্যেষ্ঠতার ভিত্তিতে উন্নয়ন প্রকল্পভুক্ত করা।

(৬) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অন্য একটি নতুন প্রতিষ্ঠানের দূরত্ব নির্ধারণ ও বাস্তবায়ন।

(৭) প্রতিটি প্রতিষ্ঠান সৎ কর্মকর্তা দ্বারা পরিদর্শনপূর্বক ছাত্রছাত্রীর সংখ্যানুযায়ী আসবাবপত্র সরবরাহ করা।

(৮) স্বীকৃতিপ্রাপ্ত স্কুলের স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির জন্য জেলা শিক্ষা অফিসারের উপর ক্ষমতা প্রদান।

(৯) জেলা শিক্ষা অফিসসহ সমস্ত শিক্ষা অফিসে দু' বছরের অধিক চাকরিরত কর্মকর্তা বা কর্মচারীদের বদলির ব্যবস্থা।

(১০) প্রধান শিক্ষকদের চাকরি জাতীয়করণ ও বদলির ব্যবস্থা করে প্রশাসনিক উন্নয়ন সাধান করা।

(১১) আগামী জুলাই মাস থেকে ১০০% বেতন প্রদান অথবা চাকরি জাতীয়করণ করে আগামী ৫ বছরের মধ্যে কোন প্রতিষ্ঠানকে স্বীকৃতি না দেয়া।

(১২) বাৎসরিক পরীক্ষা পরিচালনার দায়িত্ব জেলা শিক্ষা অফিসারের উপর ন্যস্ত করা।

(১৩) ছাত্রছাত্রীদের সুচিকিৎসার ব্যবস্থা করা।

(১৪) শিক্ষা প্রতিষ্ঠানের জমির খাজনা মওকুফ করা।

(১৫) অবসরপ্রাপ্ত শিক্ষক ও অন্য কর্মচারীদের পেনশন ও গ্রাচুইটি প্রদান।

(১৬) কল্যাণ ট্রাস্ট হতে বেসরকারি এ সমস্ত প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক ও অন্যদের ছেলেমেয়েদের পড়ার জন্য আর্থিক সাহায্য করা।

(১৭) নিয়মিত বেতন প্রদানের সুব্যবস্থা করা।

শিবনাথ সরকার
প্রধান শিক্ষক/সম্পাদক
খাগজানা উচ্চ বিদ্যালয়।